

Bengali

ইসোল (ESOL)

যদি ইংরেজী আপনার আসল ভাষা না হয় তাহলে আমরা আপনার জন্য এমন অনেক কোর্সের ব্যবস্থা করে দিতে পারি যেগুলি আপনার ইংরেজী ভাষার দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করতে পারবে। ইংলিশ ফর স্পিকার্স অফ আদার ল্যাঙ্গুয়েজেস কোর্সেস (English for Speakers of Other Languages courses (ESOL) আপনাকে যুক্তরাজ্যে কর্মক্ষেত্রে, পড়াশোনায় এবং জীবনযাত্রায় সাহায্য করতে পারবে।

অন্যান্য কোর্সসমূহ শিক্ষার্থীদের নিচের বিষয়গুলি অর্জনে সহায়তা করে:

- কাজের জায়গার জন্য উপযুক্ত ইংলিশ দক্ষতা গড়ে তুলতে সাহায্য করার মাধ্যমে আপনার চাকরি পাবার সুযোগ এবং তার সমৃদ্ধি বিকশিত করার মাধ্যমে
- স্বীকৃতিপ্রাপ্ত এমন একটি ডিগ্রী অর্জন করতে পারেন যেটি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে চাকরিদাতা ও শিক্ষা প্রতিষ্ঠানগুলি গ্রহন করে
- পরবর্তী পড়াশোনায় অথবা ভোকেশনাল কোর্সে এই কোর্সটি আপনাকে সাহায্য করবে
- প্রাত্যহিক জীবনযাত্রায় নিজেকে খাপ খাইয়ে নিতে এবং যুক্তরাজ্যের জীবনযাত্রা কেমন সেটি বুঝতে এই কোর্সটি সাহায্য করবে
- অন্যান্য গুরুত্বপূর্ণ দক্ষতা গড়ে তুলতে সাহায্য করবে, এর ভেতরে আছে গণনা এবং তথ্য প্রযুক্তি

এখানকার শিক্ষকেরা অত্যন্ত বন্ধুভাবাপন্ন, তারা আপনার শিক্ষার পুরোটা সময়জুড়ে আপনাকে সাহায্য করবেন, এর ভেতরে আছে: বলা এবং শোনা, পড়া এবং শেখা, শব্দভান্ডার, বানান, যতি চিহ্নের ব্যবহার এবং ব্যাকরণ। আমাদের এখানে অনেকগুলি বিভিন্ন লেভেলের ব্যবস্থা আছে এবং শুরু করার আগে আমরা আপনাকে যাচাই করে জেনে নিব যেন আপনি যেন আপনার উপযুক্ত সঠিক লেভেল থেকে শুরু করতে পারেন।